# ভূরুঙ্গামারীতে স্কুল ফিডিংয়ের রুটিতে মিললো ছত্রাক

ভূরুঙ্গামারী (কুড়িগ্রাম) সংবাদদাতা

প্রকাশ : ০৩ জুলাই ২০২৬, ১৩:১৩




শিক্ষার্থীদের টিফিন হিসেবে বনরুটি বিতরণ করা হয়। ছবি: ইত্তেফাক

**কুড়িগ্রামের ভূরুঙ্গামারী উপজেলার সদর ইউনিয়নের সোনাতুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে সরকারি স্কুল ফিডিং কর্মসূচির আওতায় ফাঙ্গাসযুক্ত (ছত্রাক) ও নিম্নমানের বনরুটি বিতরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা পেয়েছে প্রাথমিক শিক্ষা বিভাগ।**

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

জানা গেছে, বৃহস্পতিবার (৩ জুলাই) দুপুরে বিদ্যালয়ের শিক্ষার্থীদের টিফিন হিসেবে বনরুটি বিতরণ করা হয়। তবে রুটি হাতে পাওয়ার পর শিক্ষকরা দেখতে পান, সেগুলোতে সবুজ রঙের ফাঙ্গাস (ছত্রাক) পড়েছে এবং রুটিগুলোর মানও নিম্নমানের। বিষয়টি জানাজানি হলে অভিভাবকরা বিদ্যালয়ে এসে ক্ষোভ প্রকাশ করেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুলসুম বেগম বলেন, “রুটিতে ফাঙ্গাস দেখতে পাওয়ার সঙ্গে সঙ্গেই বিতরণ বন্ধ করে দেওয়া হয়। একই সঙ্গে বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।”

ঘটনার পর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা তাৎক্ষণিকভাবে সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মোবাশ্বের হোসেনকে তদন্তের দায়িত্ব দেন।

তদন্ত শেষে সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মোবাশ্বের হোসেন বলেন, “শিক্ষার্থীদের জন্য ফাঙ্গাসযুক্ত রুটি সরবরাহের অভিযোগের সত্যতা পাওয়া গেছে। তদন্ত প্রতিবেদন প্রস্তুত করে আগামী রোববার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে জমা দেওয়া হবে। প্রাথমিকভাবে এ ঘটনায় সংশ্লিষ্ট পক্ষগুলোর গাফিলতির প্রমাণ পাওয়া গেছে।”

শিশুখাদ্য সরবরাহকারী সংস্থা ইএসডিওর স্থানীয় প্রতিনিধি মনজু আলম বলেন, মেয়াদ থাকা সত্ত্বেও বনরুটিতে কীভাবে সবুজ ফাঙ্গাস পড়েছে, তা তিনি বুঝতে পারছেন না। উৎপাদনকারী প্রতিষ্ঠানের সঙ্গে কথা না বলে এ বিষয়ে মন্তব্য করা সম্ভব নয়।